

# বন্য শূকর দেখলে কী করবেন এবং কী করবেন না

## কী করবেন !

- বন্য শূকরটি থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখুন
- বন্য শূকর থাকতে পারে এমন জঙ্গল এলাকায় রাতে যেতে হলে টর্চ ব্যবহার করে দল বেঁধে জোরে কথা বলতে বলতে যান
- বন্য শূকর আপনার কাছাকাছি চলে এলে জোরে আওয়াজ করুন। নিরাপদ দূরত্বে সরে না আসা পর্যন্ত প্রাণীটির ওপর নজর রাখুন
- গ্রামে বা রাস্তায় বন্য শূকরের সাথে হঠাৎ মুখোমুখি হয়ে পড়লে আস্তে আস্তে পিছিয়ে আসুন
- বন্য শূকরের দল বা বাচ্চাসহ বন্য শূকর  দেখলে গাড়ির ভেতরেই থাকুন
- আপনার চাষের জমিকে সুরক্ষিত রাখতে মাটিতে কমপক্ষে ১ ফুট পোঁতা কংক্রিটের ভিতসহ গ্যালভানাইজড্ স্টিলের বেড়া ব্যবহার করুন
- আবর্জনাপাত্র সবসময় ঢেকে রাখুন
- বন্য শূকর  দ্বারা আক্রান্ত হলে তৎক্ষণাৎ নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রে যান

## কী করবেন না !

- প্রাণীটিকে উত্তেজিত বা বিরক্ত করবেন না, করলে প্রাণীটি আক্রমণ করতে পারে
- বাচ্চা বন্য শূকরের কাছে যাবেন না, এর ফলে বাচ্চাকে বাঁচাতে বয়স্ক বন্য শূকর টি আক্রমণ করতে পারে
- বিভিন্ন বনজ সম্পদ যেমন কেন্দুপাতা, মহুয়াফুল বা বাঁশ সংগ্রহ করতে একা জঙ্গলে যাবেন না
- প্রাণীটিকে তাড়া বা উত্যক্ত করবেন না, করলে প্রাণীটি আক্রমণ করতে পারে
- বন্য শূকর তাড়াতে পাথর ছুঁড়বেন না, এর ফলে সে আত্মরক্ষার জন্য আক্রমণ করতে পারে
- বাড়ির আশপাশে বা রাস্তায় বর্জ্যপদার্থ ফেলবেন না
- শৌচের জন্য জঙ্গল বা জঙ্গলের ধারে যাবেন না। বাড়ির শৌচালয় ব্যবহার করুন
- চিকিৎসা নিতে দেরী করবেন না বা নিজে চিকিৎসা করবেন না। কারণ ক্ষতগুলি গুরুতর হতে পারে

ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনে ইন্দো-জার্মান সহযোগিতা
২০১৭-২০২৩
একটি সমন্বয়পূর্ণ সহাবস্থান গ্রহণে
ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনের পদ্ধতি